ডেঙ্গু প্রতিরোধে গাংনীতে হাঙ্গারের সচেতনতা কর্মসূচি

মেহেরপুরের গাংনী উপজেলার বিভিন্ন গ্রামে দি হাঙ্গার প্রজেক্টের উদ্যোগে মাসব্যাপি ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা কর্মসূচি আয়োজন করা হয়েছে।

এর অংশ হিসেবে প্রতিদিন বিভিন্ন গ্রামে দি হাঙ্গার প্রজেক্টের স্বেচ্ছাসেবিরা একটি সচেতনতামূলক র্যালি বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।

দি হাঙ্গারের স্বেচ্ছাসেবি ও কর্মকর্তাবৃন্দ বিভিন্ন সচেতনতামূলক বক্তব্য সম্বলিত প্ল্যাকার্ড ও ফেস্টুন হাতে এ র্যালিতে অংশ নেন। দি হাঙ্গার প্রজেক্টর গাংনী এরিয়া সমন্বয়কারি হেলাল উদ্দীন, ভিটিআর সিরাজুল ইসলামসহ ইউনিয়ন সমন্বয়কারী ও স্থানীয় স্বেচ্ছাসেবিরা এ কর্মসূচিতে যোগ দেন।

পাশাপাশি দি হাঙ্গারের উদ্যোগে এলাকার ঝোপঝাড়, ড্রেন ও খানাখন্দে জমে থাকা পানিতে ফগার এবং স্প্রের সাহায্যে মশক নিধনের ওষুধ ছিটানো হয়। এছাড়া বিভিন্ন এলাকার পথচারী ও বাসিন্দাদের মধ্যে ডেঙ্গু প্রতিরোধে সচেতনতামূলক লিফলেট বিতরণ করেন স্বেচ্ছাসেবিরা।

দি হাঙ্গার প্রজেক্টের গাংনী এরিয়া সমন্বয়কারি হেলাল উদ্দীন বলেন, বর্তমান সময়ে ডেঙ্গু মানুষের মাঝে আতংক তৈরী করেছে। তাই হাঙ্গার প্রজেক্টের স্বেচ্ছাসেবি ও ইয়ূথ এন্ডিং হাঙ্গারের ছেলে মেয়েরা প্রতিটি গ্রামে গ্রামে মানুষের মাঝে সচেতনতা সৃষ্টিতে কাজ করছেন। বিশেষ করে উঠান বৈঠক, ঝোপ ঝাড় পরিস্কার করাসহ ডেঙ্গুবাহি মশার জিবানু ধ্বংশ করতে কাজ করছে।